

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১২৯৬

আগরতলা, ১৭ জুলাই, ২০১৭

জাতীয় সড়ক ও রেল অবরোধ অবিলম্বে
প্রত্যাহারের আহ্বান পরিবহনমন্ত্রী মানিক দে-র

ভারতীয় মজদুর সংঘের পাঁচ সদস্যের এক প্রতিনিধি দল আজ মহাকরণে পরিবহনমন্ত্রী মানিক দে-র সঙ্গে সাক্ষাত করেন। আই পি এফ টি(এন সি) গোষ্ঠী কর্তৃক জাতীয় সড়ক ও রেল অবরোধের কর্মসূচীর দরুণ রাজ্যবাসীকে যে গভীর সমস্যার সম্মুখীন হতে হচ্ছে, এ বিষয়ে প্রতিনিধি দলটি অবিলম্বে জাতীয় সড়ক ও রেল অবরোধ মুক্ত করতে রাজ্য সরকারকে ব্যবস্থা নিতে দাবি জানান। এই প্রসঙ্গে পরিবহনমন্ত্রী বলেন, অবরোধের সঙ্গে যুক্ত সংশ্লিষ্ট দলের নেতৃবৃন্দের সঙ্গে রাজ্য সরকারের আলোচনা হয়েছে। রাজ্য সরকারের পক্ষ থেকে অবরোধ প্রত্যাহারের বারংবার আবেদনও করা হয়েছে। কিন্তু তাদের বক্তব্য - কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনার জন্য তারা অপেক্ষমান। সেই আলোচনার পরই তাদের পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে। পরিবহনমন্ত্রী প্রতিনিধি দলটিকে দ্ব্যর্থহীন ভাষায় জানিয়ে দিয়েছেন রাজ্য সরকার জাতীয় সড়ক ও রেল অবরোধকারীদের রাজ্য ভাগের দাবিকে সমর্থন করেনা। জাতীয় সড়ক ও রেল অবরোধের কারণে রাজ্যবাসী যে সমস্যার সম্মুখীন হয়েছেন এর পরিপ্রেক্ষিতে এই অবরোধ আন্দোলন প্রত্যাহারের পুনরায় আবেদন জানিয়েছেন পরিবহনমন্ত্রী।
